গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কালিয়া, নড়াইল।
www.kalia.narail.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০২.২৪-৯৭৫(৪৫)                                    তারিখ: ১৫/০৯/২০২৪ খ্রিঃ।

**"সভার নোটিশ "**

আগামী ১৯/০৯/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল- ১০.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৪ মাসের মাসিক সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ রাশেদুজ্জামান, প্রশাসক, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২। উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
৩। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন
৪। বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি
৫। মানসম্মত শিক্ষা বিস্তারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা
৬। বিবিধ।

মোঃ রাশেদুজ্জামান
প্রশাসক
উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল
ও
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

প্রাপক :

০১। প্রশাসক, কালিয়া পৌরসভা, কালিয়া, নড়াইল।
০২। উপজেলা-.. ..............................................অফিসার,কালিয়া, নড়াইল। তাঁকে আগামী ১৮/০৯/২০২৪ খ্রি. তারিখের মধ্যে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত কার্যপত্র দাখিল এর জন্য অনরোধ করা হলো।
০৩। চেয়ারম্যান, ........................................................ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল।
০৪। জনাব........................................................................................................, কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কালিয়া, নড়াইল।
www.kalia.narail.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০২.২৪-৯৭৬(৪৫)                                    তারিখ: ১৫/০৯/২০২৪ খ্রিঃ।

**"সভার নোটিশ "**

আগামী ১৯/০৯/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল- ১০.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৪ মাসের মাসিক সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ রাশেদুজ্জামান, প্রশাসক, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২। উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
৩। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন
৪। বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি
৫। মানসম্মত শিক্ষা বিস্তারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা
৬। বিবিধ।

মোঃ রাশেদুজ্জামান
প্রশাসক
উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল
ও
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

প্রাপক :

০১। প্রশাসক, কালিয়া পৌরসভা, কালিয়া, নড়াইল।
০২। উপজেলা-.. ..............................................অফিসার,কালিয়া, নড়াইল। তাঁকে আগামী ১৮/০৯/২০২৪ খ্রি. তারিখের মধ্যে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত কার্যপত্র দাখিল এর জন্য অনরোধ করা হলো।
০৩। চেয়ারম্যান, ........................................................ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল।
০৪। জনাব........................................................................................................, কালিয়া, নড়াইল।

## উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল এর সেপ্টেম্বর/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

তারিখ : ১৯/০৯/২০২৪ খ্রিঃ।
সময় : বেলা-১০.০০ টা।
স্থান : কালিয়া উপজেলা পরিষদ মিলনায়তন।
সভাপতি: মোঃ রাশেদুজ্জামান
প্রশাসক, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা ( পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল নতুন যোগদান করায় সভায় উপস্থিত সকল সদস্যদের সাথে শুভেচ্ছা বিনিময়ের মধ্যমে পরিচিত হন। শুরুতে সভায় বিগত ২৭/০৮/২০২৪ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা : উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এবং উন্নয়ন তহবিলের সচিত্র হিসাব উপস্থাপনপূর্বক আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভ করার জন্য দপ্তর প্রধানদের অনুরোধ করা হয়।

### দাপ্তরিক আলোচনা

| ক্রঃ নং | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা পরিষদের আগস্ট, ২০২৪ মাসের আয় ব্যয়ের হিসাব | (নিচের বিবরণী দ্রষ্টব্য) | | |

**উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আগস্ট/২০২৪ মাসের আয় ও ব্যয় বিবরণী**

| আগস্ট/২০২৪ মাসের আয় | টাকা | আগস্ট/২০২৪ মাসের ব্যয় | টাকা |
|---|---|---|---|
| সাব রেজিষ্ট্রে অফিস, কালিয়া, নড়াইল হতে ১% অর্থ জমা | ৮০১,৯১৫ | চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী ভাতা প্রদান, উপজেলা পরিষদের ০২ জন কর্মচারীর মজুরী প্রদান, উপজেলা পরিষদের ০৪ জন কর্মচারীর সিপিএফ ফান্ডে জমা এবং বিভিন্ন ইজারা বিজ্ঞপ্তির পত্রিকার বিল প্রদান | ৩৩৮,২২১ |
| উপজেলা পরিষদের দোকানের বকেয়া ভাড়া আদায় | ৪২,০০০ | | - |
| উপজেলা পরিষদের ভেনু ভাড়া | ১২,৫০০ | | - |
| প্রারম্ভিক জের | ৫০,৯০০ | সমাপ্তি জের/ব্যালান্স | ৫৬৯,০৯৪ |
| সর্বমোট = | ৯০৭,৩১৫ | সর্বমোট = | ৯০৭,৩১৫ |

**উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের আগস্ট/২০২৪ মাসের আয় ও ব্যয় বিবরণী**

| আগস্ট/২০২৪ মাসের আয় | টাকা | আগস্ট/২০২৪ মাসের ব্যয় | টাকা |
|---|---|---|---|
| মোট প্রাপ্ত | - | মোট ব্যয়/খরচ | - |
| প্রারম্ভিক মোট | ৫৬,৪১,৯৭২.৬৯ | সমাপ্তি জের/ব্যালান্স | ৫৬,৪১,৯৭২.৬৯ |
| সর্বমোট = | ৫৬,৪১,৯৭২.৬৯ | সর্বমোট = | ৫৬,৪১,৯৭২.৬৯ |

উল্লেখ্য উক্ত স্থিতির মধ্যে আন্ত বিভাগীয় খেয়াঘাটের ৩৩,৬৬,২৮৫.৩০ (তেত্রিশ লক্ষছেষট্টি হাজার দুইশত পঁচাশি টাকা ত্রিশ পয়শা) টাকা অন্তর্ভুক্ত রয়েছে। আন্ত বিভাগীয় খেয়াঘাটেরঅর্থ বাদে উপজেলা উন্নয়ন তহবিলে ২২,৭৫,৬৮৭.৩৯ (বাইশ লক্ষ পচাত্তর হাজার ছয়শত সাতাশি টাকা উনচল্লিশ পয়শা) টাকা অবশিষ্ট রয়েছে।

| ক্রঃ নং | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, হাসপাতালের পরিধি বৃদ্ধি পাওয়ায় পরিষ্কার পরিচ্ছন্নতায় প্রয়োজনীয় লোকবলের সংকট দেখা দিয়েছে। এমতাবস্থায় কালিয়া পৌরসভা হতে ক্লিনার হিসাবে ০২(দুই)জন পুরুষ লোক দেওয়ার সভার পক্ষ হতে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। তিনি আরো জানান যে, আগস্ট/২০২৪ মাসে বহিঃ বিভাগ, জরুরী বিভাগ ও আন্তঃ বিভাগে সর্বমোট=৮,৮৮৩ জনকে সেবা প্রদান করা হয়েছে। পাশাপাশি কমিউনিটি ক্লিনিক হতে ২০,৪৯৯ জনকে সেবা প্রদান করা হয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, পরিষ্কার পরিচ্ছন্নতায় নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের দ্বারা হাসপাতালের ভিতর ও বাইরে পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখার ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৩ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তর হতে স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতি সেবা কার্যক্রম গৃহীত হয়েছে। গত আগস্ট/২০২৪ মাসে তার দপ্তর হতে ৪৭,১৫৬ জন সক্ষম দম্পত্তির মধ্য হতে ৩৭,৪৩৩ জনকে স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতি সেবা প্রদান করা হয়েছে যার শতকরা হার ৭৯.৩৮%। তার দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, আগত সেবা প্রত্যাশীদের মাঝে শতভাগ সচ্ছতার সাথে সেবা প্রদানের পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় উপস্থিত। তিনি সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রনোদনা বাবদ ৫,৫৫০ জন কৃষকদের মাঝে বিনামুল্যে রবি শস্যের বীজ বিতরণের জন্য বরাদ্দ পাওয়া গেছে। পাশাপাশি এ অর্থ বছরের প্রনোদনা বাবদ ৭০০ জন ক্ষতিগ্রস্থ কৃষকদের মাঝে সবজি বীজ বিতরণের বরাদ্দ পাওয়া গেছে। তিনি আরো বলেন তার দপ্তরে কৃষকদের মাঝে বিতরনের জন্য সারের মজুদ স্বাভাবিক পর্যায়ে রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচান করা হয়। | বিস্তারিত আলোচনান্তে,<br>৪.ক) উপজেলা পরিষদের প্রতিটি ইউনিয়নের ভৌগোলিক অবস্থা বিশ্লেষণ পূর্বক কৃষকদের মাঝে রবি শস্যের বীজ বিতরণের জন্য কৃষক তালিকা প্রণয়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪.খ) ক্ষতিগ্রস্থ কৃষকদের মাঝে সবজি বীজ শতভাগ সচ্ছতার সহিত বিতরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৫ | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি সভাকে জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে **'climate smart agriculture and water management'** প্রকল্পের আওতায় অত্র উপজেলার বিভিন্ন জলাশয়ে মাছের পোনা অবমুক্ত করার জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দ দিয়ে সর্বমোট ১,৭২৪ (এক হাজার সাতশত চব্বিশ) কেজি মাছের পোনা উপজেলার বিভিন্ন জলাশয়ে অবমুক্ত করা হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, সরকারি বিধিবিধান অনুসরণ পূর্বক শতভাগ সচ্ছতার সাথে কালিয়া উপজেলার বিভিন্ন জলাশয়ে মাছের পোনা অবমুক্ত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৬ | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেননি। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা প্রাণিসম্পদ অফিসারকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৭ | প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারসভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ৫টি প্যাকেজে ১৪টি সেতু/কালভার্টের কাজ চলমান রয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে ৩টি প্যাকেজে বীর নিবাস নির্মাণ পকল্পের মধ্যে ১টি প্যাকেজের কাজ চলমান আছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রাপ্ত বরাদ্দে ১৩টি বীর নিবাসের মধ্যে ১২টি বীর নিবাসের নির্মাণের ঠিকাদার নিয়োগ কার্যক্রম সম্পন্ন হয়েছে। কিন্তু এখনো নির্মাণ কাজ শুরু হয়নি। ২০২৪-২০২৫ অর্থ বছরে সম্প্রতি অতি বৃষ্টিতে কালিয়া উপজেলার ১টি পৌরসভাসহ ১৪টি ইউনিয়নের কিছু কিছু অঞ্চলে জোয়ারের পানি বৃদ্ধি পাওয়ায় জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। ইতোমধ্যে কিছু কিছু এলাকা হতে পানি নামতে শুরু করেছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচান করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, প্রাক্কলন মোতাবেক গুনগত মান বজায় রেখে নিয়মিত পরিদর্শণ পূবক গৃহীত পকল্পের কাজ যথাযথ সময়ের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮ | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজ সেবা অফিসার সভায় উপস্থিত। তিনি জানা যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ২৩০টি বয়স্ক ভাতা, ২২০টি বিধবা ভাতা ও ৬৮০টি প্রতিবন্ধী ভাতার বরাদ্দ পাওয়া যায় যা বিধি মোতাবেক বিতরণ করা হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে কোন বরাদ্দ পাওয়া যায় নি। কালিয়া উপজেলার ১টি পৌরসভা ও ১৪টি ইউনিয়নের মৃত ভাতাভোগীর বদলে ভাতা পাবার যোগ্য ব্যক্তি প্রতিস্থাপনের জন্য তালিকা চেয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। ফলস্বরূপ মৃত ভাতাভোগীর বদলে ভাতা পাবার যোগ্য ব্যক্তিদের তালিকা অত্র কার্যালয়ে আসার কাজ চলমান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচান করা হয়। | বিস্তারিত আলোচানান্তে, মৃত ভাতাভোগীদের প্রতিস্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক)উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল।<br>খ) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, দ্বিতীয় সাময়িক (দ্বিতীয় প্রান্তি মূল্যায়ন) পরিক্ষা ১৭/০৯/২০২৪ খ্রিঃ তারিখে শেষ হয়েছে। সম্প্রতি অতি বর্ষণে কয়েকটি বিদ্যালয়ে প্রায় ২ ফুট উচু হয়ে পানি জমে আছে। পাশাপাশি প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ১(এক) জন গুনি শিক্ষক নির্বাচন করা হবে। তার দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, শিক্ষক দিবস যথাযথ মর্যাদায় উদযাপনের ব্যাবস্থা গ্রহণসহ কোন শিক্ষা প্রতিষ্ঠানে অস্থিতিশীল পরিবেশ যাতে সৃষ্টি না হয় তার সু-ব্যবস্থ্যা গ্রহণের জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা প্রাথমিক অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে ৯(নয়) জনকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা হরে সর্বমোট ২,২৫,০০০/- (দুই লক্ষ পঁচিশ হাজার) টাকা ঋণ প্রদান করা হয়েছে। চলতি অর্থ বছরে কোন ঋণ প্রদান করা হয়নি। ঋণ আদায়ের হার ৬০%। ২০২৪-২০২৫ অর্থবছরে মা ও শিশু সহায়তা কর্মসূচীতে কোন বরাদ্দ পাওয়া যায়নি। অত্র উপজেলায় ২,৩৬৩ (দুই | বিস্তারিত আলোচনান্তে, প্রশিক্ষণ প্রদানের মাষ্টাররোল এবং ভাতা প্রদানের মাষ্টাররোল সংরক্ষণসহ ভিজিডির চাল বিতরণের সময় ট্যাগ অফিসারদের উপস্থিত থেকে ভিজিডির চাল বিতরণ কার্যক্রম | ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিয়া, নড়াইল।<br>খ) ট্যাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হাজার তিনশত তেষট্টি) জন ভিডব্লিউবি উপকারভোগী রয়েছে। জুলাই এবং আগস্ট,২০২৪ মাসের চালের ছাড়পত্র প্রদান করা হয়েছে। জুলাই-সেপ্টেম্বর/২০২৪ তিন মাস মেয়াদী দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ চলতি মাসে সমাপ্ত হবে। উক্ত কর্মসূচীতে নতুন প্রশিক্ষণার্থী ভর্তির কার্যক্রম চলমান রয়েছে। তার দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ১৪টি ব্যাচে মোট ৪২০ জনকে গবাদি পশু পালন, হাঁসমুরগী পালন ও মৎস্য বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০২৪-২০২৫ অর্থ বছরে আগস্ট/২০২৪ মাস পর্যন্ত ০২টি ব্যাচে ৬০ জন যুব/যুব মহিলাকে পোষাক তৈরী বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০২৩-২০২৪ অর্থ বছরে ২৪ জন প্রশিক্ষিত যুব/যুব মহিলার মধ্যে ১৭,৮০,০০০/- (সতের লক্ষ আশি হাজার) টাকা যুবঋণ বিতরণ করা হয়। উক্ত ঋণ আদায়যোগ্য ১৬,৯৫,৫০৩/-, আদায়কৃত ১৫,৯৭,৫৪০/- ও আদায়ের হার ৯৪.২২%। একই অর্থ বছরে ৪০ জন ক্ষুদ্র ব্যবসায়ীর মধ্যে ৪,৮০,০০০/- ঋণ বিতরণ করা হয়। ঋণ আদায়যোগ্য ৫,১২,১০৫/-, আদায়কৃত ৫,১২,১০৫/- আদায়ের হার ১০০% ।২০২৪-২০২৫ অর্থ বছরে আগস্ট/২০২৪ মাস পর্যন্ত ১০ জন প্রশিক্ষণ প্রাপ্ত যুব/যুব মহিলার মধ্যে ৬,০০,০০০/- যুবঋণ বিতরণ করা হয়েছে। চলতি মাস পর্যন্ত বিতরণকৃত ঋণের টাকা আদায় হয় নি। তার দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে,<br>১১.ক) ২০২৩-২০২৪ অর্থ বছরে বিতরণকৃত ঋণ ১০০% আদায়ের ব্যাবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১১.খ) ২০২৪-২০২৫ অর্থ বছরে বিতরণকৃত ঋণের অর্থ শতভাগ সচ্ছতার সাথে আদায়কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১২ | উপজেলা প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপিসহ অন্যান্য গৃহীত প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। নড়াইল জেলার ৩টি উপজেলার মধ্যে শুধু কালিয়া উপজেলাতে সম্পূর্ণ বাউন্ডারী ওয়াল ও উপজেলা পরিষদের একটি মেইন গেইট নেই। তিনি আরো জানান যে, অতি বর্ষণের ফলে উপজেলা প্রশাসনিক ভবন এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন স্যাতেস্যাতে ও বিভিন্ন জায়গায় ড্যাম হয়েছে যা দ্রুত সংস্কার করা প্রয়োজন। এমতাবস্থায় তিনি ১। উপজেলা প্রশাসনিক ভবনের বাহিরের অংশ রং করার জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা, ২। উপজেলা নির্বাহী অফিসারের বাসবভনের ক্ষুদ্র মেরামত ও রং করার জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার ০২(দুই)টি প্রকল্প গ্রহণ পূর্বক প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার এবং উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়ালের অবশিষ্টাংশ ও উপজেলা পরিষদের মেইন গেট নির্মাণ করার প্রস্তাব করেন। সভায় উপস্থিত সকল সদস্যগণ উপরোক্ত প্রস্তাবসমূহ সমর্থন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে,<br>১২.ক) উপজেলা প্রশাসনিক ভবনের বাহিরের অংশ রং করণ প্রকল্পটি ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে প্রকল্প কমিটির (পরিশিষ্ট্য-ক) মাধ্যমে জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১২.খ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভনের ক্ষুদ্র মেরামত ও রং করণ প্রকল্পটি ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে প্রকল্প কমিটির (পরিশিষ্ট্য-ক) মাধ্যমে জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১২.গ) উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়ালের অবশিষ্টাংশ এবং উপজেলা পরিষদের মেইন গেট নির্মাণের জন্য নকশা ও প্রাক্কলন প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল।<br>খ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া |
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় উপস্থিত। ২০২২-২০২৩ অর্থ বছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ পকল্পের আওতায় অত্র উপজেলায় সর্বমোট ৩৮২ টি গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত প্রকল্পের ৭১,৬৬% ভাগ কাজ সমাপ্ত হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে পানি সরবরাহে আর্সিনিক ঝুঁকি নিরসন প্রকল্পে ৬৫০টি গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত পকল্পের ৭০% ভাগ কাজ সমাপ্ত হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লক নির্মাণ কাজ প্রকল্পে ৪৫টি ওয়াস ব্লকের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত প্রকল্পের ৬০% ভাগ কাজ সমাপ্ত হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে,<br>১৩.ক) নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রাপ্ত বরাদ্দের সকল কাজ কাজ দ্রুত সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৩.খ) আর্সিনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় প্রাপ্ত বরাদ্দের সকল কাজ দ্রুত সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৩.গ) প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লক নির্মাণ কাজ প্রকল্পের আওতায় প্রাপ্ত বরাদ্দের সকল কাজ দ্রুত সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার , কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের আগস্ট/২০২৪ মাস পর্যন্ত ঋণ বিতরণের পরিমান ১,৩৫,৩৪০০০/- (এক কোটি পয়ত্রিশ লক্ষ চৌত্রিশ হাজার) টাকা, আদায় ৭৫,৬২৬৫৩/- (পচাত্তর লক্ষ বাষট্টি হাজার ছয়শত তিপ্পান্ন) টাকা, অনাদায়ী ৫৭,৫৫,৮১৯/- (সাতান্ন লক্ষ পঞ্চান্ন হাজার আটশত উনিশ) টাকা এবং আদায়ের হার ৫২%। পাশাপাশি অনলাইনে প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন প্রকৃয়ার কার্যক্রম চলু হয়েছে। সমবায় সমিতির অডিট কার্যক্রম চলমান আছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে,<br>১৪.ক) আশ্রয়ণ-২ প্রকল্পে অনাদায়ী ঋণ দ্রুত আদায়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৪.খ) দাপ্তরিক কাজে গতিশীলতা আনায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৫ | উপজেলা বন বিভাগ। | ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে কাঠ বিক্রয় করে ৩,৯২,৬৫২/- (তিন লক্ষ বিরানব্বই হাজার ছয়শত বায়ান্ন) টাকা এবং ৯/-(নয়) টাকা মূল্যে চারা বিক্রয় করে ২২,৫০০/-(বাইশ হাজার পাঁচশত) টাকা রাজস্ব আদায় হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে জুলাই/২০২৪ ও আগস্ট/২০২৪ মাসে ৯/-(নয়) টাকা মূল্যে ২,৭৯০/- (দুই হাজার সাতশত নব্বই) টাকার চারা বিক্রয় হয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে কালিয়া উপজেলাকে দুষণমুক্ত করার লক্ষ্যে গাছলাগানোর উপর জোর দেওয়ার জন্য ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ফরেষ্টার, সামাজিক বন বাগান কেন্দ্র, কালিয়া, নড়াইল। |
| ১৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, অত্র উপজেলায় ৩১টি মাধ্যমিক বিদ্যালয়, ১৩ টি মাদ্রাসা ও ৭ টি কলেজ রয়েছে। আগামী ০৫/১০/২০২৪ খ্রিঃ তারিখে বিশ্ব শিক্ষক দিবস উদ্যাপিত হতে যাচ্ছে হবে। সকলকে দিবসের সকল কর্মসূচীতে আমন্ত্রণ জানান। | বিস্তারিত আলোচনান্তে, বিশ্ব শিক্ষক দিবস যথাযথ মর্যাদায় উদ্‌যাপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৭ | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে জুলাই/২০২৪ মাসে ২৬টি এবং আগস্ট/২০২৪ মাসে ২৪টি স্মার্টকার্ড বিতরণ করা হয়েছে। তার দপ্তর হতে প্রতি মঙ্গল বার স্মার্ট কার্ড দেওয়া হয়। জাতীয় পরিচয়পত্র সংশোধনের জন্য প্রাথমিক পর্যায়ে ২৩৬/- (দুইশত ছত্রিশ) টাকা সরকারি ফি চালান মারফত জমা দিতে হবে। তবে একের অধিকবার জাতীয় পরিচয়পত্র সংশোধনের জন্য সরকারি ফি বৃদ্ধি পাবে। ভোটার এলাকা পরিবর্তনের জন্য কোন সরকারি ফি নেই। এর বাইরে যদি কেউ কোন টাকা দাবী করে তা হলে বিনা সংকোচে উপজেলা নির্বাচন অফিসারকে অবগত করার জন্য বলেন। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, শুধুমাত্র সরকার নির্ধারিত ফি গ্রহণপূর্বক হয়রানিমুক্ত এবং স্বচ্ছতার সহিত কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৮ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, স্যাম্পল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্পের মাধ্যমে জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন ও বহিরগমন সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়েছে। মাসিক কৃষি মজুর তথ্য সংগ্রহ করা হয়েছে। পাশাপাশি আউশ ফসল, পাট ফসল ও আমন ফসলের আনুমানিক তথ্য সংগ্রহ করা হয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন ও বহিরগমন সংখ্যা ভিত্তিক তথ্য এবং অস্থায়ী ফসলের ক্ষয়ক্ষতি নিরুপন সংক্রান্ত সুস্পষ্ট তথ্য উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে,২০২৪-২০২৫ অর্থ বছরে সেপ্টেম্বর/২০২৪ মাসে ২২ জন ডিলারের মাধ্যমে ১৪ টি ইউনিয়নে ১০,৩৩৩ জন ভোক্তাকে জনপ্রতি ৩০ কেজি করে ১৫ টাকা দরে সর্বমোট ৩০৯.৯৯০ মেঃ টন চাল বিতরণ/বিক্রি করা হয়েছে। জুলাই ও আগস্ট,২০২৪ মাসের ভিডব্লুউবি কার্যক্রমের আওতায় ২,৩৬৩ জন দুস্থ মহিলার মাঝে সর্বমোট ১৪১.৭৮০ মেঃ টন চাল বিতরণের জন্য ডিও জারী করা হয়েছে। টিসিবি খাতে অত্র উপজেলায় ১৪টি ইউনিয়ন ও পৌরসভায় ০৩টি সহ মোট ১৭টি জায়গায় ১৭জন ডিলারের মাধ্যমে ১৪,১৬৩ জন ভোক্তাকে ০৫ কেজি করে সর্বমোট ৭০.৮১৫ মেঃ টন চাল বিতরণের জন্য ডিও করা হয়েছে। তিনি আরো বলেন চলতি মাসে ০২টি নতুন খুচরা লাইসেন্সসহ মোট ০৪টি নতুন খুচরা লাইসেন্স দেওয়া হয়েছে। এছাড়াও ৩৮টি খুচরা লাইসেন্স ও ০৫টি পাইকারী লাইসেন্স নবায়ন করা হয়। মোট লাইসেন্সধারী ব্যবসায়ীর সংখ্যা ৪৭ জন। আসন্ন দূর্গা পূজা উপলক্ষে টিআর চালের বরাদ্দ বিভাজন সংক্রান্ত বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে,<br>১৯.ক) আসন্ন দূর্গা পূজা উপলক্ষে টিআর চাল এর বরাদ্দ যথাসময়ের মধ্যে কালিয়া উপজেলার প্রতিটি দূর্গা মন্দির প্রেরণের ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৯.খ) ভোক্তাদের মাঝে টিসিবি পন্য বিতরণের সময় শতভাগ স্বচ্ছতার মাধ্যমে পন্য বিতরণসহ কোন প্রকার হয়রানি/অস্থিতিশীল পরিবেশ যাতে সৃষ্টি না হয় তার জন্য একজন আনসার সদস্য ও দুই জন গ্রামপুলিশ সর্বদা উপস্থিত থাকার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস, কালিয়া, নড়াইল।<br>খ) উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | পল্লী বিদুৎ অফিস | ডিজিএম, কালিয়া জোনাল অফিস সভায় উপস্থিত। তিনি জানান যে, সম্প্রতি অতি বৃষ্টির কারনে গত কয়েক দিন বিদ্যুতের সমস্যা হয়েছে যার একমাত্র কারন হচ্ছে বিদ্যুৎ লাইনের পাশদিয়ে থাকা গাছ এবং গাছের ডালপালা। আগামী ০১/১০/২০২৪ খ্রিঃ তারিখ হতে গাছের ডালপালা কর্তণ কার্যক্রম শুরু হবে। কালিয়ার লাইনটি নড়াইল থেকে সোর্স লাইন আসায় অনেক সময় বিদুৎ লাইনে সমস্যা হলে জরুরী ভিত্তিতে সমাধনের জন্য বারইপাড়া ফেরিঘাটে পার হওয়ার জন্য অপেক্ষা করা লাগে। ফলে সময়মত বিদ্যুৎ লাইনের সমস্যা সমাধান করা সম্ভব হয়ে ওঠে না। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে,<br>২০.ক) সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করে গাছের ডালপালা কর্তনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২০.খ) ফেরিঘাট ইজারাদরকে জরুরি বিদ্যুৎ সেবা দ্রুত ও হয়রানিমুক্ত ভাবে পারাপারের জন্য প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, কালিয়া জোনাল অফিস, নড়াইল। |
| ২১ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কালিয়া উপজেলা কার্যালয়, খুলনা অঞ্চল সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে তার দপ্তর হতে বিতরণকৃত ক্ষুদ্র ঋণ খাত হতে ৯৭%, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ খাত হতে ৯৫%, নারী উদ্যোক্তা ঋণ খাত হতে ৮৪% এবং প্রণোদনা ঋণ খাত হতে ১০০% ঋণ আদায় হয়েছে। পাশাপাশি ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ, নারী উদ্যোক্তা ঋণ বিতরণ, প্রণোদনা ঋণ বিতরণ, কৃষি ঋণ বিতরণ কর্মসূচি চলমান রয়েছে। আয় বৃদ্ধি মূলক কর্মকান্ডে অত্র উপজেলার ইউনিয়ন পর্যায়ে সুফল ভোগীদের নিয়ে ২৫ জনের দল গঠন করে বিভিন্ন আয় বৃদ্ধি মূলক কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, শতভাগ স্বচ্ছতার সহিত ঋণ প্রদান ও ঋণ আদায় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কালিয়া উপজেলা কার্যালয়, খুলনা অঞ্চল। |
| ২২ | উপজেলা পাট অফিস | উপজেলা পাট কর্মকর্তা , কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে,২০২৩-২০২৪ অর্থ বছরে ২,১৩৪ জন পাট চাষীকে বিনামূল্যে পাট বীজ ও সার বিতরণ করা হয়েছে। ০৮টি টি মাঠ দিবসে ৫৪০ জন পাট চাষীকে পাট চাষের বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। ৭৫জন পাট চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দ কোন বরাদ্দ পাওয়া যায় নাই। পাশাপাশি পাট চাষীদের তালিকা সংশোধনের কাজ চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে, পাট চাষীদের মধ্যে শতভাগ স্বচ্ছতার সাথে পাটের বীজ ও সার বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পাট কর্মকর্তা , কালিয়া, নড়াইল। |
| ২৩ | বিবিধ-১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, সারাদশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ বৃদ্ধি পেয়েছে। কালিয়া উপজেলার সকল ইউনিয়নের লোকজনদের ডেঙ্গুসহ মশাবাহিত রোগ মোকাবালায় জনসচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন। পাশাপাশি উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের চারপাশ দিয়ে প্রচুর পরিমানে ঝোপঝাড় জন্মেছে। ফলে মশার উপদ্রব বৃদ্ধি পাচ্ছে। ডেঙ্গুসহ মশাবাহিত রোগ এবং বিশাক্ত সাপ-বিচ্ছু কবল হতে রক্ষা পাওয়ার নিমিত্তে ঝোপঝাড় পরিস্কার করার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, কালিয়া উপজেলার সকল ইউনিয়নে ডেঙ্গু রোগ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির জন্য মাইকিং করাসহ উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের চারপাশের ঝোপঝাড় পরিস্কার করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। কাজটি দ্রুত সম্পন্ন করতঃ উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের কর্মকর্তা/কর্মচারীদের মশা বাহিত রোগের কবল হতে রক্ষা করার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪ | বিবিধ-২ | সভায় উপস্থিত উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ও সদস্য সচিব, উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন বিভিন্ন স্থানে মরা, ঝড়ে উপড়ে পড়া ও বিনষ্টযোগ্য গাছ বিক্রয় কমিটি, কালিয়া, নড়াইল জানান যে, উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্থানে অবস্থিত মরা, ঝড়ে উপড়ে পড়া গাছ ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। উপজেলা পরিষদের অভ্যন্তরে ০১ (এক)টি মরা নারিকেল গাছ এবং ঝড়ে উপড়ে পড়া ০৩ (তিন)টি ছোট আম গাছ ও ০১ (এক) টি ছোট জাম গাছ সর্বমোট ০৫ (পাঁচ)টি গাছ ঝুকিপূর্ণ অবস্থায় থাকায় গত ১৭/০৯/২০২৪ খ্রি তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন বিভিন্ন স্থানে মরা, ঝড়ে উপড়ে পড়া ও বিনষ্টযোগ্য গাছ বিক্রয় কমিটির সভার সিদ্ধান্তে মোতাবেক উপজেলা ফরেষ্টার, কালিয়া, নড়াইলকে উক্ত ০৫(পাঁচ)টি গাছের বাজার দর অনুযায়ী সরকারি মূল্য নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে একটি মরা নারিকেল গাছ এবং ঝড়ে উপড়ে পড়া তিনটি ছোট আম গাছ ও একটি জাম ছোট গাছের প্রক্কলন ও মূল্য ৩,৮৬১/- (তিন হাজার আটশত একষট্টি) টাকা নির্ধারণ করা হয়েছে। সর্বমোট পাঁচটি গাছের বিপরীতে প্রস্তুতকৃত প্রাক্কলন ও মূল্য নির্ধারণ সংক্রান্ত তথ্যাদি তিনি সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তর ০১ (এক)টি মরা নারিকেল গাছ এবং ঝড়ে উপড়ে পড়া ০৩ (তিন)টি ছোট আম গাছ ও ০১ (এক) টি ছোট জাম গাছ সর্বমোট ০৫ (পাঁচ)টি গাছ ঝুকিপূর্ণ অবস্থায় থাকায় পরবর্তী দুর্ঘটনা এড়াতে উক্ত গাছ গুলো নিলামে বিক্রয়ের অনুমতির জন্য জেলা প্রশাসক, নড়াইল মহোদয়ের নিকট কাগজপত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২/০৯/২৪

(মোঃ রাশেদুজ্জামান)
প্রশাসক
কালিয়া উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০১.২৪- ৯৯২ (৫০)　　　　তারিখ: ২২/০৯/২০২৪ খ্রিঃ।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:-

১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সচিব,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪। জেলা প্রশাসক,নড়াইল।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে ।
৫। উপজেলা ......................................................................অফিসার,কালিয়া,নড়াইল।
৬। চেয়ারম্যান,......................................................ইউনিয়ন পরিষদ,কালিয়া,নড়াইল।

২২/০৯/২৪

উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া,নড়াইল।

# পরিশিষ্ট্য-ক

## উপজেলা প্রশাসনিক ভবনের বাহিরের অংশ রং করার প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | পদবী |
|---|---|---|
| ০১। | মোল্যা মাহবুর রহমান, চেয়ারম্যান, ০৫ নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ | সভাপতি |
| ০২। | সফিকুল মোল্যা, সমাজ সেবক | সেক্রেটারি |
| ০৩। | শিপন মোল্যা, সমাজ সেবক | সদস্য |
| ০৪। | উত্তম দাশ, সমাজ সেবক | সদস্য |
| ০৫। | আরিফ শেখ, সমাজ সেবক | সদস্য |

## উপজেলা নির্বাহী অফিসারের বাসবভনের ক্ষুদ্র মেরামত ও রং করার প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | পদবী |
|---|---|---|
| ০১। | তুরাব মোল্যা, সদস্য, ০৬ নং ওয়ার্ড, ০৫ নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ | সভাপতি |
| ০২। | জসিম শেখ, সমাজ সেবক | সেক্রেটারি |
| ০৩। | তরিকুল মোল্যা, সমাজ সেবক | সদস্য |
| ০৪। | আয়েব আলী লস্কর, সমাজ সেবক | সদস্য |
| ০৫। | শিব প্রসাদ দাশ, সমাজ সেবক | সদস্য |

উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির হাজিরাঃ

মাসের নামঃ সেপ্টেম্বর/২০২৪ তারিখ : ১৯/০৯/২০২৪ খ্রিঃ।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | চেয়ারম্যান, ১নং বাবরা হাচলা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০২। | চেয়ারম্যান, ২নং পুরুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৩। | চেয়ারম্যান, ৩ নং হামিদপুর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৪। | চেয়ারম্যান, ৪নং মাউলী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৫। | চেয়ারম্যান, ৫নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৬। | চেয়ারম্যান, ৬নং খাশিয়াল ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৭। | চেয়ারম্যান, ৭নং জয়নগর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৮। | চেয়ারম্যান, ৮নং কলাবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৯। | চেয়ারম্যান, ৯নং বাঐসোনা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১০। | চেয়ারম্যান, ১০নং পহরডাঙ্গা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১১। | চেয়ারম্যান, ১১ নং পেড়লী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১২। | চেয়ারম্যান, ১২নং চাঁচুড়ী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১৩। | চেয়ারম্যান, ১৩নং বড়নাল-ইলিয়াছাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ১৪। | চেয়ারম্যান, ১৪নং পাঁচগ্রাম ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |

উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির হাজিরাঃ
মাসের নামঃ সেপ্টেম্বর/২০২৪ তারিখ : ১৯/০৯/২০২৪ খ্রিঃ।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল | |
| ০২ | সহকারী কমিশনার (ভুমি), কালিয়া, নড়াইল | |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ০৪ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ০৫ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ০৬ | অতিরিক্ত পুলিশ কমিশনার (সার্কেল), কালিয়া, নড়াইল। | |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। | |
| ০৮ | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ০৯ | অফিসার ইনচার্জ, কালিয়া থানা, কালিয়া, নড়াইল। | |
| ১০ | অফিসার ইনচার্জ, নড়াগাতী থানা, কালিয়া, নড়াইল। | |
| ১১ | উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | ১৯/৯/২৪ |
| ১২ | সাব রেজিষ্টার, কালিয়া, নড়াইল। | |
| ১৩ | উপজেলা হিসাব রক্ষণ অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ১৪ | উপজেলা সমাজ সেবা অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ১৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | ১৯/৯/২৪ |

| | | |
|---|---|---|
| ১৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ১৮ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিয়া, নড়াইল। | |
| ১৯ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২০ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২১ | উপজেলা প্রকল্প অফিসার, পজিপ, বিআরডিবি, কালিয়া, নড়াইল। | |
| ২২ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২৩ | উপজেলা সহকারী সেটেলমেন্ট অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২৪ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২৫ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালিয়া, নড়াইল। | |
| ২৬ | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২৭ | ইন্সট্রাক্টর,উপজেলা রিসোর্স সেন্টার, কালিয়া, নড়াইল । | |
| ২৮ | উপজেলা সমবায় অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২৯ | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ৩০ | ফরেষ্টার,উপজেলা নার্সারী, কালিয়া, নড়াইল। | |
| ৩১ | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, কালিয়া | |
| ৩২ | তথ্য কর্মকর্তা তথ্যসেবা কেন্দ্র, কালিয়া, নড়াইল | |
| ৩৩ | উপজেলা পাট উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল | |

উপজেলা আইসিটি অফিসার

| | | |
|---|---|---|
| ৩৪ | ~~সহকারী প্রোগ্রামার~~, আইসিটি অধিদপ্তর, কালিয়া, নড়াইল। | |
| ৩৫ | উপজেলা ফায়ার সার্ভিস স্টেশন, কালিয়া, নড়াইল। | |
| ৩৬ | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, কালিয়া, নড়াইল। | ১৯.০৩.২৪ |
| ৩৭ | গ্রাম আদালত, কালিয়া, নড়াইল। | |

৩৮ [illegible] বেগম - পল্লী [illegible] ১৯/০৩/২৪

৩৯. মোঃ দলিল উদ্দিন, অধ্যক্ষ [illegible] মহাবিদ্যালয়

৪০. শেখ তাজিয়ার রহমান আহবায়ক প্রেসক্লাব কালিয়া।